দৈনিক ইত্তেফাক

তারিখ 04 NOV 1992
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৭ ...

121

লাঠিচার্জ • কাঁদানে গ্যাস • গুলী
ম্যাজিস্ট্রেটসহ আহত অর্ধ শতাধিক

# মীরশ্বরাইতে ছাত্র পুলিশ তুমুল সংঘর্ষ

চট্টগ্রাম অফিস ॥ গতকাল (মঙ্গলবার) সকালে মীরশ্বরাই থানাধীন নিজামপুর কলেজের সম্মুখে পুলিশ ও বিক্ষোভকারীদের মধ্যে এক সংঘর্ষ ও গুলী বিনিময়ের ঘটনায় একজন ম্যাজিস্ট্রেট ও ৭ জন পুলিশসহ প্রায় অর্ধশত ব্যক্তি আহত হইয়াছে। এ ঘটনার প্রতিবাদে বিক্ষোভকারীরা বেলা ১২টা হইতে গতকাল রাত ১০ টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত ঢাকা চট্টগ্রাম মহাসড়কে ব্যারিকেড সৃষ্টি করিয়া রাখে। ফলে উভয়দিকে কয়েক হাজার যানবাহন আটকা পড়িয়া যায়। সংঘর্ষে আহতদের মধ্যে গুলীবিদ্ধ ৫ জনের অবস্থা আশংকাজনক। তাহাদেরকে প্রায় মুমূর্ষু অবস্থায় চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। জানা যায়, গতকাল সকালে মীরশ্বরাই কলেজের একদল ছাত্র পূর্বদিন সোমবার কলেজে সংঘটিত ছাত্র সংঘর্ষের প্রতিবাদে সকাল ১১ টায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে ব্যারিকেড সৃষ্টি করে। এ ঘটনার খবর পাইয়া মীরশ্বরাই পুলিশ ঘটনাস্থলে পৌঁছাইয়া (৭ম পৃঃ দ্রঃ)

## মীরশ্বরাইতে

(১ম পৃঃ পর)

ছাত্রদের ব্যারিকেড তুলিয়া নেওয়ার জন্য চাপ প্রয়োগ করিলে একপর্যায়ে ছাত্র ও পুলিশের মধ্যে সংঘর্ষ শুরু হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনিতে পুলিশ প্রথমে ব্যাপক লাঠিচার্জ ও পরে কয়েক রাউণ্ড টিয়ার গ্যাস ছোড়ে। পরবর্তীতে পরিস্থিতির আরো অবনতি ঘটিলে পুলিশ প্রায় ৩৫ রাউণ্ড ফাঁকা গুলী বর্ষণ করে। এসময় বিক্ষোভকারী ছাত্রদের মধ্য হইতেও গুলী বর্ষিত হয়। সংঘর্ষকালে একজন ম্যাজিস্ট্রেট একজন সহকারী পুলিশ কমিশনার ও ৭ জন পুলিশসহ অপর অর্ধশত ব্যক্তি আহত হয়। চট্টগ্রামের জেলা প্রশাসক ও পুলিশ সুপার গতরাতে এ রিপোর্ট লেখা পর্যন্ত ঘটনাস্থলে অবস্থান করিতেছিলেন। এদিকে গতকাল বিকালে নিজামপুর কলেজ পরিচালনা কমিটির এক জরুরী সভায় বলা হয় যে, পুলিশ বিনা উস্কানিতে সড়কে ব্যারিকেড সৃষ্টিকারী ছাত্রদের উপর গুলীবর্ষণ করে।